দৈনিক সংবাদ

AUG 1 5 1999
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# স্কুলে ইংরেজি গ্রামার শিক্ষা দেয়ার গুরুত্ব

মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর ১৯৯৯ সালের ইংরেজি বিষয়ের সিলেবাস প্রণয়নকারী গ্রামারের উপর জোর না দিয়ে Communicative বা আলাপী ইংরেজির উপর জোর দিয়ে সিলেবাস প্রণয়ন করেছেন। এতে শিক্ষার্থীরা ইংরেজিতে কথা বলতে পারদর্শী হলেও লেখার ক্ষেত্রে তারা পিছিয়ে থাকবে। তাদের রচনাশক্তি হবে দুর্বল।

আমাদের দেশের অধিকাংশ কাজই বিদেশের সাথে ইংরেজিতে লেখালেখির মাধ্যমে করতে হয়। যেহেতু লিখতে গেলে গ্রামারের উপর নির্ভর করতে হয়, তাই এ বছর যারা নবম শ্রেণীতে রয়েছে তারা গ্রামারে থাকবে কাঁচা। আর এর সুদূরপ্রসারী ফল হবে খুবই ভয়াবহ। তারা যখন কর্মক্ষেত্রে প্রবেশ করবে তখন তাদের দুঃখের সীমা থাকবে না।

যারা এই ইংরেজি সিলেবাস প্রণয়ন ও অনুমোদনের দায়িত্বে রয়েছেন তারা অবশ্যই বিজ্ঞ লোক। ইংরেজি ভাষার উপর পারদর্শী। আমাদের শ্রদ্ধেয়জন। তারা কিভাবে এমন আত্মঘাতীমূলক পরিকল্পনা করলেন তা বোধগম্যের বাইরে। আমাদের দেশের ছেলেমেয়েরা এখনো ইংরেজিকে দুর্বল। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এমন কি বিএ পাস করার পরেও তাদেরকে ইংরেজিতে কোচিং ক্লাস করতে হয় কেবল দক্ষতা বৃদ্ধির জন্য।

এই জন্য আমাদের দেশের ইংরেজি শিক্ষা গ্রামারভিত্তিক হওয়া দরকার। ছাত্রছাত্রীদের লেখার শক্তি কিভাবে বৃদ্ধি করা যায় তার সঠিক পদ্ধতি উদ্ভাবন করা দরকার। ভাষা শিখবার জন্য গ্রামারের প্রয়োজন নেই এ ধ্যান-ধারণা কেবল মাতৃভাষার ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে। কিন্তু বিদেশী ভাষার ক্ষেত্রে নয় আর ইংরেজি যেহেতু বিদেশী ভাষা তাই তা শিখবার জন্য অবশ্যই গ্রামারের উপর জোর দিতে হবে।

নবম শ্রেণীর সিলেবাস প্রণয়নকারীদের কাছে অনুরোধ, আপনারা এমন তোগলকি কান্ড করে শিক্ষার্থীদের সর্বনাশ ডেকে আনবেন না। আশা করি বিষয়টার প্রতি গুরুত্ব দিয়ে বিবেচনা করলে শিক্ষার্থী ও দেশ-জাতির মঙ্গল হবে।

মোঃ মুরশীদ আলম
জলেশ্বরীতলা; পৌরসভা লেন
বগুড়া